

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০০৮.২৪.২৩৬০

তারিখ- ০২/০৬/২০২৪ খ্রিঃ

**নিলাম বিজ্ঞপ্তি**

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত কনডেমঘোষিত মালামাল সমূহ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে পূর্ণ ঠিকানা সম্বলিত সাদা কাগজে সীলগালা যুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্রঃ নং	মালামালের নাম	প্রকৃতি	মালামালের পরিমাণ (সংখ্যা/কেজি)	একক দর	মোট দর	মন্তব্য
০১	প্রশিক্ষন রুম চেয়ার	কাঠ	১১			
০২	সাধারণ চেয়ার	কাঠ	১২			
০৩	প্লাস্টিক চেয়ার হাতাছাড়া/হাতাওয়ালা	প্লাস্টিক	২৪			
০৪	ম্যাটেরিয়াল রয়াক বিন	কাঠ	০৫			
০৫	চৌকি	কাঠ	০৭			
০৬	রানার মেশিন	লোহা	০১			
০৭	ভ্যাকুয়াম ক্লিনার	কয়েল	০১			
০৮	গ্যাস বার্ণার	লোহা/ষ্টীল	০৬			
০৯	সিলিং ফ্যান	লোহা ও কয়েল	২৪			
১০	অগ্নিনির্বাপক যন্ত্র	লোহা	০৪			
১১	পানির মটর সাবমার্সিবল	লোহা ও কয়েল	০১			
১২	পানির মটর ইনডাকটিভ	লোহা ও কয়েল	০২			
১৩	সোকেস	কাঠ	০১			
১৪	সাইড বক্স	কাঠ	০২			
১৫	কেতলী	সিলভার	০১			
১৬	হাফ সেক্রেটারিয়েট টেবিল	কাঠ	০৬			
১৭	কম্পিউটার টেবিল বড়	কাঠ	০১			
১৮	কাঠের হাতাওয়ালা চেয়ার	কাঠ	১১			
১৯	ভিজিটর চেয়ার	ষ্টীল	০৯			
২০	রিভলবিং চেয়ার/কম্পিউটার চেয়ার	লোহা	০৬			
২১	হেলনা বেঞ্চ	কাঠ	০১			
২২	হটনট/সাইড রয়াক	কাঠ	০১			
২৩	গোপনীয় অভিযোগ বক্স	কাঠ	০৩			
২৪	ক্যাশ কাউন্টার	কাঠ	০১			
২৫	ফাইল কেবিনেট	ষ্টীল	০১			
২৬	লাইনম্যান টুলস বক্স	ষ্টীল	০১			
২৭	ডিসপেন্স বোর্ড	কাঠ	০১			
২৮	পিয়ন টুল	কাঠ	০১			
২৯	ডিআইপি হট নট	কাঠ	০১			
৩০	নষ্ট গ্যাস সিলিন্ডার	লোহা	১০			

**শর্তাবলীঃ**

- ০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্নঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন। আগামী ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১১:০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত দরপত্র (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা- ১২২৯, (খ) মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। দরপত্র সমূহ আগামী ১০/০৬/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে।




- ০২। নিলাম দরপত্র দলিলে উদ্ধৃত দরের কমপক্ষে ২৫% অর্থ নিরাপত্তা জামানত হিসেবে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র বিবেচনা করা হবে না। সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক গ্রহণ করা হবে।
- ০৩। উপরোক্ত মালামাল সমূহ আগামী ০৩/০৬/২০২৪ খ্রিঃ তারিখ হতে ০৯/০৬/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।
- ০৪। মালামাল গ্রহণের পূর্বে সর্বোচ্চ নিলাম দরদাতাকে উদ্ধৃত দরের উপর ট্যাক্স ১০% এবং ভ্যাট ৭.৫% হারে অগ্রীম কর পবিসে জমা প্রদান করতে হবে। উক্ত কর দাখিলকৃত দরের সাথে অন্তর্ভুক্ত নহে।
- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো জন্য ১৫ (পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট সমুদয় মূল্য নগদ আকারে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাবদ প্রদত্ত সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। মালামালের নাম, একক দর, দরদাতার নাম, ঠিকানা ইত্যাদি সু-স্পষ্ট ভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।
- ০৭। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৮। পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন। উপরোক্ত শর্তাবলী ছাড়াও যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(মোঃ হাদিউজ্জামান)  
জেনারেল ম্যানেজার

#### অনুলিপিঃ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।  
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।  
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩।  
০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ।  
০৫। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ), মুন্সীগঞ্জ।  
০৬। ডিজিএম (টংগীবাড়ী/কারিগরী/সিরাজদিখান/লৌহজং/মুন্সীগঞ্জ/শ্রীনগর), জোনাল অফিস, মুপবিস।  
০৭। এজিএম সকল, সদর দপ্তর/সাব-জোনাল অফিস, মুপবিস।  
০৮। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)  
০৯। নোটিশ বোর্ড/অফিস কপি/মাস্টারকপি।

  
০২.৬.২৪  
(ডাঃ মোঃ হান্নান মিয়া)  
এজিএম (প্রশাসন)